

Fourth edition of the Conference of the Protectors of Emigrants (September 10, 2021)

September 10, 2021

অভিবাসীদের সুরক্ষার সম্মেলনের চতুর্থ সংস্করণ (10 সেপ্টেম্বর, 2021)

সেপ্টেম্বর 10, 2021

অভিবাসীদের সুরক্ষার সম্মেলনের চতুর্থ সংস্করণটি 10ই সেপ্টেম্বর 2021 -এ অনুষ্ঠিত হয়েছে, এই দিনটি অভিবাসন আইন, 1983 প্রণয়নের তারিখের সাথে মিলে যায়।

বিদেশ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরন মূল বক্তব্য প্রদান করেন। অতিমারীর প্রতিবন্ধকতার বিরুদ্ধে জাতির একসাথে কাজ করাকে পর্যবেক্ষণ করে তিনি বলেছেন যে, " এমন একটা সময়ে আমাদের সামনে যে সুযোগ আসছে যখন বিশ্ব সতর্কতার সাথে স্বাভাবিক অবস্থায় ফিরে আসছে তার জন্য প্রস্তুতি নেবার এটাই সঠিক সময় এবং এবং অভিবাসীদের সুরক্ষার বা প্রোটেক্টরস অব ইমিগ্র্যান্টস(পিওই) সম্ভাব্য সর্বোত্তম সুরক্ষা এবং কল্যাণ প্রদানের সময় শিল্পে কর্মরত শ্রমিকদের অভিবাসনকে সহজতর করা উচিত হবে।"

সহজলভ্যতা এবং অংশীদারিত্বের উপরে ইউকে-র সাথে স্বাক্ষরিত মো, জাপানের সাথে 14টি সেক্টরে সুনির্দিষ্ট দক্ষ শ্রমিকদের উপরে এমওসি এবং ভারত ও পোর্টুগালের মধ্যে দক্ষ জনশক্তির সহজলভ্যতার উপরে সাম্প্রতিক কালে মন্ত্রিসভার অনুমোদনের উপরে ভিত্তি করে আমাদের যুবসমাজ এবং শ্রমিকদের নতুন দিশা ও সুযোগ সম্পর্কে অবহিত করার ক্ষেত্রে পিওইএস-এর একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

প্রবাসী ভারতীয় বিমা যোজনা (পিবিবিওয়াই), প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন ট্রেনিং (পিডওটি) এবং ইন্ডিয়ান কমিউনিটি ওয়েলফেয়ার ফান্ড(আইসিডব্লুএফ) বা ভারতীয় সমাজ কল্যাণ তহবিল ও ই-মাইগ্রেন্ট প্লাআটফর্মের মত বিভিন্ন কল্যাণকামী প্রকল্পগুলিকে আধুনিক এবং পরিমার্জন করার প্রচেষ্টাকে চালিয়ে যাওয়া উচিত।

শ্রী সঞ্জয় ভট্টাচার্য, সচিব (সিপিভি এবং ওএলএ) তার বক্তব্যে, অতিমারীর সময়ে বিদেশ থেকে হাজার হাজার দুর্দশাগ্রস্ত পরিয়ায়ী শ্রমিকদের ফিরিয়ে আনতে পিওইএস-এর ইতিবাচক ভূমিকা পালনকে স্বীকার করেছেন। তিনি উল্লেখ করেছেন যে, ই মাইগ্রেট, যেটি একটি অনলাইন প্ল্যাটফর্ম, পিওই অফিসগুলি, পাসপোর্ট অফিসগুলি, ভারতীয় দূতাবাসগুলি, অভিবাসন দপ্তর এবং বিদেশে কর্মসংস্থানকে নিয়ন্ত্রণ করে এমন সব অন্যান্য সংস্থাগুলিকে একীভূত করেছে, সেটিকে আরও জনপ্রিয় করা এবং সহজ ও উৎসাহপ্রদায়ক করে তোলার মাধ্যমে শক্তিশালী করা হয়েছে। তিনি আরও বলেন, পূর্ব এশিয়া, ইউরোপ এবং অন্যান্য দেশে নতুন অভিবাসন করিডোরের স্বীকৃতিস্বরূপ ই - মাইগ্রেট প্ল্যাটফর্ম এখন সব দেশের জন্য উন্মুক্ত করা হয়েছে।

পিওই সম্মেলনের পূর্ণাঙ্গ অধিবেশনে যুগ্ম-সচিব (বৈদেশিক কর্মসংস্থান) এবং অভিবাসীদের মহাসুরক্ষক, শ্রী টি আর্মস্ট্রং, বিদেশ মন্ত্রণালয়ের অন্যান্য আধিকারিকগণ এবং তেরোজন অভিবাসীদের সুরক্ষক (পিওই) পিডিওটি ও অন্যান্য কল্যাণকামী পদক্ষেপ এবং নিরাপদ ও আইনী অভিবাসনকে সহজতর করার জন্য বিদেশমন্ত্রণালয় দ্বারা আউটরিচ প্রোগ্রাম (বিদেশ সম্পর্ক) নিয়ে আলোচনা করেন। পরে, রেজিস্টার্ড রিক্রুটিং এজেন্সিস অ্যাসোসিয়েশনের প্রতিনিধিরা অধিবেশনে যোগদান করেন এবং নিরাপদ ও আইনী পরিযানকে আরও শক্তিশালী করা এবং শোষণ, প্রতারণা ও বেয়াইনী অভিবাসন অথবা মানব পাচার রোধে, যে বিষয়ের উপরে সম্মানীয় বিদেশ প্রতিমন্ত্রী এবং সচিব (সিপিভি ও ওএলএ) তাদের বক্তৃতায় জোর আরোপ করেছিলেন, বিভিন্ন পদক্ষেপের উপরে তাদের পরামর্শের আদান প্রদান করেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 10, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.